R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-৬৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

সকলের প্রিয় এবং মুখরোচক
স্পেশাল লাড্ডু
ও
স্লাইজ ব্রেডের
জনপ্রিয় প্রতিষ্ঠান
সতীমা বেকারী
মিঞাপুর
পোঃ ঘোড়শালা (মুর্শিদাবাদ)

৭৩শ বর্ষ. ১০ম সংখ্যা
রঘুনাথগঞ্জ ১৩ই শ্রাবণ বুধবার, ১৩৯৩ সাল।
৩০শে জুলাই ১৯৮৬ সাল।
নগদ মূল্য : ৩০ পয়সা
বার্ষিক ১৫, টাকা

## অনিয়মিত বিদ্যুৎ সরবরাহের জন্য ফল্ট ও ব্রেকডাউন দায়ী

বিশেষ প্রতিবেদক : গত ১০ জুলাই বীরভূমের এক জনসভায় বিদ্যুৎমন্ত্রী প্রবীর সেনগুপ্ত "লোকদীপ প্রকল্প" এর অনুষ্ঠানে বলেন—অনিয়মিত বিদ্যুৎ সরবরাহের জন্য মেশিন ফল্ট ও ইউনিট ব্রেকডাউন দায়ী—বিদ্যুতের অভাব নাই। প্রকল্পের নিয়মানুযায়ী বীরভূমে গরীব ও আদিবাসী/তপশীলীদের ১৬০০ গৃহে বিদ্যুৎ সংযোগ দেওয়া হবে। সারারাজ্যে অন্ততঃপক্ষে ১০০০০ গৃহে বিদ্যুৎ সংযোগ হবে। এইসব গৃহে কোন মিটার থাকবে না ; তবে তাদিকে মাসিক ৫ টাকা করে এর দরুণ দিতে হবে। বিদ্যুৎমন্ত্রী এই অনুষ্ঠানে আরোও বলেন—'লোকদীপ প্রকল্প' গরীবের ঘরে শুধু আলোই দেবে না, তাদিকে বিজ্ঞান ও জ্ঞানের আলোকে আকৃষ্ট করে যুবকদের দেশ গড়ার কাজে উদ্বুদ্ধ করবে। এই প্রকল্পের আওতায় আমাদের জেলায় বা জঙ্গিপুর মহকুমার কোন গ্রাম বিদ্যুতের আলোয় আলোকিত হয়েছে কিনা সংবাদ পাওয়া যায়নি। বরং জঙ্গিপুর মহকুমায় লোডশেডিং-এর দাপট দিন দিন বেড়ে চলেছে। বিদ্যুৎ সরবরাহ বিনা কারণে প্রায় বন্ধ থাকায় জনজীবন অতিষ্ঠ। বিদ্যুৎ অফিসে খোঁজ নিলে সর্বদাই শোনা যায়—লোডশেডিং না হয় লোকাল ব্রেকডাউন চলছে। যদি বিদ্যুৎমন্ত্রীর ভাষণ সত্য হয় তবে এ শহরে বিদ্যুৎ ঘাটতির কারণ খুঁজে পাওয়া যায় না। জনসাধারণেরও ধারণা—বিদ্যুতের ঘাটতি বেশীর ভাগ সময় থাকে না। ফল্ট ও ব্রেকডাউনই মূলতঃ এই অবস্থার জন্য দায়ী। বিদ্যুৎ কর্মীরা দক্ষতাসম্পন্ন না হওয়ায় মেশিন ফল্ট ও ব্রেকডাউন সারাতে অক্ষম হয়ে নিজেদের দোষ ঢাকতে লোডশেডিং বলে সমস্ত ঘটনাকে ধামাচাপা দেন। পূর্বের অভিজ্ঞতায় বলে—বিদ্যুৎ বিভাগে কর্মী নিয়োগ নিয়ে বিগত বছরগুলিতে (৩য় পৃষ্ঠায়)

## ঘুমঘোরে এস ডি ও পি ডব্লিউ ডি রোডস

রঘুনাথগঞ্জ : গত ২৩ জুলাই বেলা ২টা নাগাদ রঘুনাথগঞ্জ-সাগরদীঘি রাস্তার ব্যাপারে কিছু জানার তাগিদে রঘুনাথগঞ্জ পি ডব্লিউ ডি রোডস অফিসে আমাদের একজন সংবাদদাতা যান। সেখানে গিয়ে তিনি যে অভিজ্ঞতা সঞ্চয় করেন সেটা বামফ্রন্ট সরকারের নবম বর্ষপূর্তি উৎসবের প্রাক্কালে প্রচার প্রয়োজন।

অফিসারের কক্ষে অফিসার নাই। যদিও নেমপ্লেটে 'ইন' করা আছে। পিওনকে অফিসারের সঙ্গে দেখা করতে চান বলায় পিয়ন উত্তর দেন—সাহেব বাসায় ঘুমোচ্ছেন, এখন দেখা হবে না। সাংবাদিক ভদ্রলোক একটু অবাক হয়ে পিওনকে বলেন—সাহেবকে বলুন আমি ঠিকাদারী কাজে আসিনি, পত্রিকা অফিস থেকে কিছু তথ্যের ব্যাপারে দেখা করতে চাই। পিওনের উত্তর—আপনি যে জন্যই আসুন—সাহেবের হুকুম আছে তাঁকে না ডাকা, আপনি বরং ঘন্টা দেড়েক পরে আসুন। সাংবাদিক ভদ্রলোক বাধ্য হয়ে ওখান থেকে মহকুমা শাসকের অফিসে কাজ সেরে বেলা ৪টা নাগাদ আবার রোডস অফিসে আসেন। তখনও সাহেব অফিসে আসেননি। দু'চারজন কর্মীকে অফিসে দেখা যায়। তাঁদের এস ডি ও র সাথে দেখা করার কথা বললে জনৈক কর্মী বলেন—এখন দেখা হবে না, উনি বিশ্রাম নিচ্ছেন। এই সময় পিওনটি এসে জানান—আপনি পাঁচ মিনিট অপেক্ষা করুন (৩য় পৃষ্ঠায়)

## বধূ নির্যাতন

জঙ্গিপুর : গত ৮ জুলাই পিয়ারাপুর গ্রামের গৃহবধূ জনৈকা ডলি দাস তাঁর স্বামী লক্ষ্মণ দাস, ভাসুর কনক দাস দেওর তপন দাস ও ননদ অনুরাধা দাসের বিরুদ্ধে তাঁর উপর শারীরিক নির্যাতন ও অন্য মহিলার প্রতি স্বামীর আসক্তির অভিযোগ জানিয়ে রঘুনাথগঞ্জ থানায় একটি অভিযোগ লিপিবদ্ধ করেন। তাঁর এই নির্যাতনের ঘটনা তেঘরী-১ পঞ্চায়েত প্রধানের দৃষ্টিতেও আনেন বলে জানিয়েছেন। ডলি দাসের অভিযোগের ভিত্তিতে পুলিশ গত ২৯ জুলাই পিয়ারাপুর থেকে লক্ষ্মণ ও কনককে গ্রেপ্তার করে নিয়ে আসে। স্থানীয় লোকের বক্তব্য, কনক বেশ কয়েক বছর থেকে এখানে থাকে না। এবং সে এই ঘটনার সঙ্গে যুক্ত নয়। ডলি দাস বর্ত্তমানে তাঁর বাপের বাড়ি বেকডাঙ্গায় আছেন।

ধুলিয়ান : গত ৪ জুলাই সমসেরগঞ্জ গ্রামের আমজাদ আলির বিরুদ্ধে তার পুত্র বধূ সফেরা বিবির (১৮) উপর পাশবিক অত্যাচারের অভিযোগ পাওয়া গেছে। এই ঘটনার পরিপ্রেক্ষিতে গ্রামবাসীরা ক্ষিপ্ত হয়ে গ্রাম্য বিচারে তাকে মাথা মুণ্ডন করে চুন-কালি মাখিয়ে গ্রাম ঘোরাবেন ঠিক করেন। কিন্তু আমজাদ আলি তাতে রাজী না হলে সফেরা বিবির অভিযোগক্রমে সমসেরগঞ্জ থানার ওসি আসামীকে গ্রেপ্তার করে জঙ্গিপুর কোর্টে চালান দেন।

## রেশন ডিলারদের ধর্মঘটের সিদ্ধান্ত

ধুলিয়ান : পঃ বঃ এম আর ডিলার্স এ্যাসোঃ ধুলিয়ান শাখার জনৈক মুখপাত্র জানিয়েছেন আংশিক রেশন ব্যবস্থার ব্যবসায়ের (৩য় পৃষ্ঠায়

১৯৮৬ সালের নতুন চা—গৌহাটী, শিলিগুড়ি ও কলকাতার বাজার দরের সাথে সমতা রক্ষা করে চা ভাণ্ডারে পাওয়া যাচ্ছে "পাইকারী চা"। বেকার ও নতুন ব্যবসায়ীদের জন্য বিশেষ ব্যবস্থা আছে। চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।

## বিশ্বকাপ দল

( ২য় পৃষ্ঠার পর )

গৌরী সেনের টাকায় গৃহপালিত পশুর বিয়েতে নহবত বসবে, মুরগির লড়ায়ে বাদ্যি বাজবে আর খেলার মাঠ সুষ্ঠু পরিকল্পনা ও বাস্তব রূপায়ণের হাড়িকাঠে গলা দিয়ে ধুঁকতে থাকবে। গ্রামের ছেলে-মেয়েরা উপযুক্ত সরঞ্জামের অভাবে হতাশায় ভুগবে আর সর্বহারার মতবাদে বিশ্বাসী জননির্বাচিত প্রতিনিধি, দরিদ্র জনসাধারণের ঘাম রক্তের পয়সায় খেলা দেখার নামে বিদেশে প্রমোদ ভ্রমণের ব্যবস্থা করবেন। আর আমরা পশ্চিম বাংলার জাগ্রত জনসাধারণ দুই হাত তুলে আহ্লাদে আটখানা হয়ে চীৎকার করে বলবো—'ঐ যে ক্রীড়া আন্দোলনের জোয়ারে বিপ্লবের নৌকা লাল রঙের পাল তুলে এলো বলে।'

## ঘুম ঘোরে ( ১ম পৃঃ পর )

সাহেব বিডিওর সঙ্গে বাসায় কথা বলছেন। কিন্তু সে পাঁচ মিনিট আর শেষ হল না। অফিসে উপস্থিত কর্মীদের এ ব্যাপারে জিজ্ঞেস করলে তাঁরাও কোন উত্তর না দিয়ে ব্যঙ্গের হাসি হাসেন। অগত্যা সাংবাদিক ভদ্রলোক আমাদের দপ্তরে ফিরে এসে তাঁর অভিজ্ঞতার কথা জানান। আমাদের বক্তব্য—সত্যিই কি উক্ত অফিসার বাসায় ছিলেন, না আদপেই রঘুনাথগঞ্জে ছিলেন না। অনুসন্ধান প্রয়োজন। অফিসে 'ইন' প্লেট ঝুলিয়ে রেখে যদি কোন অফিসার দশটা থেকে চারটা পর্যন্ত শুধু বিশ্রাম আর ঘুম ঘোরে আচ্ছন্ন থাকেন তবে সেই অফিস খুলে রাখার প্রয়োজন কি? সরকার কি বর্তমানে ঐ সব আমলাদের জন্য ঘুমভাতা চালু করেছেন?

## অনিয়মিত বিদ্যুৎ (১ম পৃঃ পর)

যথেচ্ছাচার চালানো হয়েছে এবং কর্মীদের যথোপযুক্ত ট্রেনিং দেওয়া হয়নি। ফলে অদক্ষ কর্মীরা মেশিন ফল্ট ভাল করতে গিয়ে আরো ফল্ট তৈরী করছেন। আর তার দুর্ভোগ ভোগ করছেন সাধারণ নাগরিকরা। এই অঞ্চলে মানুষ কিছুদিন থেকে আরো একটা জিনিস লক্ষ্য করছেন—সামান্য মেঘ, বৃষ্টি বা ঝড়ের লক্ষণ দেখা দিলেই বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে যায়। মেঘ বৃষ্টি কেটে গেলেই আবার সরবরাহ চালু হয়। এর কারণ জানতে চাইলে বিদ্যুৎ বিভাগের কর্মীরা কোন পরিষ্কার উত্তর দেন না। জন-সাধারণ বুঝতে অক্ষম কি করে মেঘ-বৃষ্টি ঝড় দেখা দিলেই বিদ্যুৎ বন্ধ হয়। এবং এর কারণই বা কি? ভুক্তভোগী মানুষের ক্ষোভ—যেখানে নিয়মিত বিদ্যুৎ সরবরাহে সরকার ব্যর্থ সেখানে নতুন প্রকল্প চালু করে সস্তা জনপ্রিয় হবার কোন মানে নেই।

## বি. এস. এফের ঘুম ভাঙলো

ধুলিয়ান: গত ১৯ জুলাই নিমতিতা বি. এস. এফ ক্যাম্পের একটি দল নতুন ডাক বাংলো মোড়ে ২৫টি গরুসহ দুজনকে আটক করেছে বলে সংবাদ সূত্রে জানা যায়। এই গরুগুলিকে বাংলাদেশে চালান দেওয়া হচ্ছিল বলে বি. এস. এফ দল সন্দেহ করে। সে কারণেই তারা ঐ দুই ব্যক্তি ও গরুগুলিকে আটক করে। বহুদিন থেকে জঙ্গিপুর মহকুমার সীমান্ত দিয়ে গরু চালানের ব্যবসা অবাধ গতিতে চলে আসছে। স্থানীয় পত্রিকাগুলি এ ব্যাপারে সোচ্চার হলেও পুলিশ ও বি. এস. এফের ঘুম ভাঙেনি। এতদিনে বি. এস. এফ এর কার্য্যকলাপ দেখে মনে হচ্ছে তাদের জড়তা কেটেছে, ঘুম ভেঙেছে।

## করের চাপে ভি ডি ও বন্ধ

ধুলিয়ান: সংবাদে প্রকাশ ধুলিয়ান ও আশেপাশের ভি. ডি. ও ঘরগুলি প্রায় বন্ধ হয়ে গেল। ভি ডি. ও মালিকদের জনৈক মুখপাত্র বলেন—সরকারের অকস্মাৎ কর বৃদ্ধির ফলেই আর ব্যবসা চালানো সম্ভব নয়। সম্প্রতি সমসেরগঞ্জের বিডিও এক আদেশ বলে প্রতি মাসে ভি. ডি ও হলের জন্য ২০০০ টাকা ট্যাক্স ধার্য্য করেছেন। তাঁকে এর কারণ জানতে চাইলে তিনি বলেন, ওয়েষ্ট বেঙ্গল এন্টারটেন্মেণ্ট এ্যাক্ট অনুযায়ী ঐ পরিমাণ ট্যাক্স দাবী করা হয়েছে। উক্ত মুখপাত্র আরোও বলেন, অত টাকা মাসিক ট্যাক্স দিয়ে হল চালানো সম্ভব নয় তাই ভি. ডি. ও হলগুলি বন্ধ করে দিতে হয়েছে। এর ফলে ঐ ব্যবসায়ে জড়িত বেশ কিছু ব্যক্তি বেকার হয়ে পড়লেন।

ফ্রি সেলে নন লেভি এ সি সি
সিমেণ্ট রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরে
আমরা সরবরাহ করে থাকি
কোম্পানীর অনুমোদিত ডিলার
ইউনাইটেড ট্রেডিং কোং
প্রোঃ রতনলাল জৈন
পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )
ফোন জঙ্গিঃ ১০৭, রঘু ২৭

## ভারতের চাল-চিত্র

ভারত সরকার চলতি বছরের আগষ্ট মাসে ২৭ লক্ষ টন চাল ও গম রেশনে বণ্টনের কথা ঘোষণা করেছেন। বিগত বছরে এই পরিমাণ ছিল ২০·৮ লক্ষ টন। ঘোষিত ২৭ লক্ষ টনের মধ্যে গমের পরিমাণ ১৯·১ লক্ষ টন এবং চাল ৭·৯ লক্ষ টন। এ ছাড়াও বাজারে যাতে চাল ও গমের দাম সাধারণের ক্রয় ক্ষমতার বাইরে না যেতে পারে তাই আরো ১,৩০,৫৫০ টন অতিরিক্ত চাল জুলাই মাসে বাজারে ছাড়া হয়েছে। অবশ্য অতিরিক্ত চাল মধ্য-প্রদেশ, কেরালা, তামিলনাড়ু, গুজরাট, মহারাষ্ট্র, আসাম, অরুণাচল, ত্রিপুরা, মনিপুর, নাগাল্যাণ্ড এবং ওড়িষ্যাতে পাঠানো হয়েছে। (নিউজ ব্যুরো)

## ধর্ম্মঘটের সিদ্ধান্ত

( ১ম পৃষ্ঠার পর )

সঙ্গে যুক্ত এম, আর ডিলারদের ব্যাপারে একটি কমিশন নিয়োগ এবং মে মাসের মধ্যে তার রিপোর্ট প্রকাশের সরকারী প্রতিশ্রুতি কার্যকর না হওয়ায় প্রতি-বাদে অত্র এ্যাসোসিয়েশন সারা রাজ্য-ব্যাপী আগামী আগষ্ট মাসের প্রথম সপ্তাহ থেকে রেশনের কোন মাল তুলবেন না বলে জানিয়েছেন।

ফোনঃ ১১৫
সকলের প্রিয় এবং বাজারের সেরা
ভারত বেকারীর প্রাইজ ব্রেড
মিয়াপুর * ঘোড়শালা * মুর্শিদাবাদ

**পঞ্চায়েত রাজ**

**গ্রাম বাংলার অসংখ্য দরিদ্র, অবহেলিত মানুষের জন্য নতুন আশার আলো এনেছি**

**বামফ্রন্ট সরকারের নয় বছরে, অগ্রগতির সঙ্গে সঙ্গে গ্রাম বাংলায় এসেছে নব জাগরণ**

১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরেই পশ্চিমবঙ্গে পঞ্চায়েত রাজের অসীম সম্ভাবনা সবার চোখে পড়ে। ১৯৭৮ সালে জনসাধারণের বিপুল সমর্থনে গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি ও জিলা পরিষদ—এই ত্রিস্তর পঞ্চায়েতী ব্যবস্থা পশ্চিমবঙ্গে চালু হয়।

গর্বের কথা এই যে এই কয় বছরে পঞ্চায়েতগুলি ও খাদ্যের জন্য কাজ জাতীয় গ্রামীণ কর্মসংস্থান কার্যসূচিতে পশ্চিমবঙ্গে ২৬,৭৯ কোটি শ্রমদিবস সৃষ্টি করতে পেরেছে এবং এর ফলে গ্রামাঞ্চলে বহু স্থায়ী সম্পদ তৈরী হয়েছে। ভূমিহীন কৃষকদের জন্য পঞ্চায়েতগুলি ৬৩ হাজারেরও বেশী গৃহ নির্মাণ করেছে। আজ গ্রামাঞ্চলের বিভিন্ন জায়গায় ২৯৪৪টি পঞ্চায়েত ভবন ও ৪২১টি হোমিওপ্যাথিক কেন্দ্র গড়ে উঠেছে এবং ১,৩৪,২৪৮ হেকটর জমিতে সেচের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া বিপণন ও বিতরণ কেন্দ্র, বয়স্ক শিক্ষা ও প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলা এবং বিভিন্ন উন্নয়ন-মূলক কাজে অনুদান ও ঋণ দেওয়ার কাজ হাতে নেওয়া হয়েছে। উপরন্তু, পঞ্চায়েতগুলি রাজ্য সরকারের উৎসাহে ও সমর্থনে বিভিন্ন গ্রামোন্নয়নমূলক কাজকর্মে সক্রিয় অংশ গ্রহণ করেছে। যেমন ভূমিসংস্কার, অপারেশন বর্গার অধীনে ১৩,৩৯ লক্ষ ( ডিসেম্বর ১৯৮৫ পর্যন্ত ) বর্গাদারের নাম নথিভুক্ত করা উদবৃত্ত জমি অধিগ্রহণ করে ভূমিহীন-দের মধ্যে বিতরণ করা বর্গাদার ও পাট্টাদারদের জন্য বাস্তজমি, কৃষি সরঞ্জাম এবং ব্যাঙ্ক ঋণের ব্যবস্থা করা, ১০০৬০ হেকটর জমিতে সামাজিক বনসৃজন, নতুন টিউবওয়েল বসানো ও পুরোনোর মেরামতি, সামাজিক আবাস তৈরী করা, ৮,৫০,৪৮০ কিমি গ্রামীণ রাস্তা মেরামতী, ৯,৩৫৩টি সাঁকো নির্মাণ ও উন্নয়ন, ১৪,১৭০টি বিদ্যালয় গৃহ, গ্রামীণ গুদাম, শস্যগোলা, বাসগুমটি প্রভৃতি নির্মাণ ও মেরামতী।

পশ্চিমবঙ্গের গ্রামের মানুষদের আরো ভালোভাবে বেঁচে থাকার সুযোগ দেওয়ার জন্যই বামফ্রন্ট সরকার পঞ্চায়েতী ব্যবস্থাকে আরো সক্রিয়, ব্যাপকতর করে তুলছেন।

পশ্চিমবঙ্গ সরকার

জেলা তথ্য ও সংস্কৃতি বিভাগ, মুর্শিদাবাদ।

# National Thermal Power Corporation Ltd.

( A Government of India Enterprise )

NTPC

**FARAKKA SUPER THERMAL POWER PROJECT**

P. O. NABARUN– 742236 DIST. MURSHIDABAD : WEST BENGAL

## MATERIALS MANAGEMENT DEPARTMENT

## Notice Inviting Tender

Tender Ref : FS : 42 : MD : T-06/86-87 Dt. 17/07/1986

Sealed tenders are invited from experienced materials handling, clearing & transport contractor for working in NTPC/FSTPP's Private Rly Siding inside Plant Site for a period of one year.

The Bidders should have sufficient past experience and full knowledge of working in commercial operation rules of Pvt. Railway Sdg., of Industrial, Power Plant Project/Organisation of similar nature.

Scope of work covers collection of RRs, taking delivery and handling of Steel, Cement, misc items like GI Pipes, CI Pipes, Fittings Cable Drums, RCC Pipes, Lubricants and Chemicals, Power Plant equipment and spares etc. on surrendering RRs, I. Bond etc including timely unloading within free hours, loading them on vehicles transportation to site/godown via weighbridge and unloading, stacking.

Total tonnage may be handled 51,500 MT approx which may very and no guarantee can be given of any definite volume of work.

## Terms and Conditions :

1. Tender/Bid documents can be had on request by post or in person on payment of Rs. 100/- (Rs. One hundred only) by Bank Draft in favour of National Thermal Power Corpn. Ltd. on State Bank of India, Farakka Barrage, Indian Postal Order in favour of National Thermal Power Corpn Ltd., payable at Khejuriaghat Post Office or on cash payment at our Cash Section. Money Order shall not be accepted.
2. Request/application for bid documents shall be supported with Credentials/documents as aforestated without which bid documents will not be issued
3. Interested bidders are advised to visit the site to familiarise with the site condition before tendering.
4. Bidders must deposit an earnest money of Rs. 20,000/-(Twenty thousand) without which the bid/tender will be rejected outright.
5. Bidders shall have to submit latest Income Tax clearance Certificates alongwith the bid failing which offers may be ignored.
6. Bid documents will be available on payment from 1. 8. 86 to 21. 8. 86 during working hrs and offers will be opened at 10-30 a.m. on 22. 8. 86 in presence of the interested authorised persons in office of the Dy. Manager (Materials).
7. NTPC/FSTPP reserves the right to accept/reject any offers without assigning any reason whatsoever.

**Manager (Materials)**

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে অহৃতম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।